

স্মারক নং- ৪৭.০৬১.৩৫৪৩.০০০.৩২.০০৭.১৮-৫৬৭(৬), তারিখঃ ২৩.১০.২০২২ খ্রিঃ।

বিষয়ঃ কাশিয়ানী উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর ২০২১-২০২২ সনের বার্ষিক বিধিবদ্ধ নিরীক্ষা সংক্রান্ত।

- সূত্রঃ ১) এ কার্যালয়ের স্মারক নং- ৪৭.০৬১.৩৫৪৩.০০০.৩২.০০৭.১৮-৪৬৬(৬), তারিখঃ ০২.০৮.২০২২ খ্রিঃ
২) জেলা সমবায় অফিসার, গোপালগঞ্জ, মহোদয়ের ২৯.০৬.২০২২ খ্রিঃ তারিখের ১২৬৪ নং স্মারক পত্র।
৩) এ কার্যালয়ের স্মারক নং- ৪৭.০৬১.৩৫৪৩.০০০.৩২.০০৭.১৮-৫৫৫(৬), তারিখঃ ১০.১০.২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জন্ম জানানো যাচ্ছে যে, আপনার সমিতির ২০২১-২০২২ সনের বার্ষিক বিধিবদ্ধ নিরীক্ষা কার্যক্রম নিম্ন-স্বাক্ষরকারী অডিট অফিসার কর্তৃক ২৯.০৮.২০২২খ্রিঃ তারিখে সম্পাদনের নিমিত্ত সূত্রহ ০১ নং পত্রে নোটিশ প্রদান করা হয়েছিল। নির্ধারিত তারিখে অডিটের জন্য যাতায়াত হলে জুনিয়র অফিসার (হিসাব) জানান যে, প্রকল্পের বিভিন্ন অডিট চলমান থাকায় ইউসিসিএ লিঃ এর হিসাবপত্র প্রস্তুত করা সম্ভব হয়নি এবং এটা প্রস্তুত করে অডিট অফিসারকে জানানো হবে। সেটা না জানানোই ১৬.১০.২০২২ খ্রি. তারিখে অডিটের নিমিত্ত সূত্রহ ০১ নং পত্রে দ্বিতীয় নোটিশ প্রদান করা হয়। নির্ধারিত তারিখে একইভাবে জুনিয়র অফিসার (হিসাব) জানান যে, এখনো হিসাবপত্র প্রস্তুত করা সম্ভব হয়নি, প্রস্তুত করে অডিট অফিসারকে জানানো হবে। কিন্তু অধ্যাবধি হিসাব পত্র প্রস্তুত না করাই অডিটও করা সম্ভব হয়নি।

এমতাবস্থায় কাশিয়ানী ইউসিসিএ লিঃ এর ২০২১-২২ সনের বার্ষিক অডিট আগামী ৩০.১০.২০২২ খ্রি. তারিখ রোজ রবিবার সকাল ৯ টায় সমিতির সভাপতি/সদস্য সচিবের কক্ষে শুরু করার জন্য তৃতীয় নোটিশ প্রদান করা হলো। সমিতির নিরীক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও অব্যাহত রাখার স্বার্থে আপনার সর্বাত্মক সহযোগিতাসহ নিম্নোক্ত ০১ নং ক্রমিকের বর্ণিত হিসাব বিবরণী সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ১০৬ বিধি সম্পূর্ণ সমবায় অধিদপ্তরের নিরীক্ষা ম্যানুয়াল অনুযায়ী প্রস্তুত পূর্বক নিরীক্ষা আরম্ভের কমপক্ষে ০৩ দিন পূর্বে এবং অন্যান্য রেকর্ডপত্র নিরীক্ষাকালীন সময়ের মধ্যে চাহিবা মাত্র উপস্থাপন/ সরবরাহ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। বর্ণিত তারিখে অডিট করা সম্ভব না হলে বিগত প্রতিবেদন দৃষ্টে কর্তৃপক্ষ বরাবর মন্তব্য দাখিল করা হবে।

- ১। সমিতির আর্থিক বছরের খসড়া হিসাব সমূহ (রেওয়ামিল, উত্তপত্র, লাভ-ক্ষতি হিসাব ও নগদ প্রবাহ বিবরণী)।
- ২। সমিতির হিসাব সংশ্লিষ্ট হালনাগাদ লিপিবদ্ধকৃত সকল খাতাপত্র, রেকর্ডপত্র, রশিদ, ভাউচার, ক্রয় চুক্তি, ক্রয়-বিক্রয় ও অন্যান্য অনুমোদিত নথি সমূহ।
- ৩। সমিতির বছরান্তে স্থিতিপত্রে প্রদর্শিত সকল সেনা ও পাওনার বিস্তারিত তালিকা এবং ৩০.০৬.২০২২ খ্রিঃ তারিখের প্রতিটি ব্যাংক হিসাবের ব্যাংক স্টেটমেন্ট।

৪। দফাওয়ারী প্রতিটি হিসাব খাতের অনুকূলে প্রস্তুত পরিপূর্ণ সিডিউল।

৫। প্রযোজ্য ক্ষেত্রে নিরীক্ষা চলাকালীন সময়ে চাহিত অন্যান্য রেকর্ডপত্র / হিসাব বিবরণী/ নথি ও ডকুমেন্ট ইত্যাদি।

৬। সমিতির স্থাবর /অস্থাবর সকল সম্পদের তালিকা।

৭। প্রাথমিক সমবায় সমিতি সমূহের ব্যবস্থাপনা কমিটির বৈধতার প্রমাণক।

এছাড়া নিরীক্ষা সংক্রান্ত নোটিশ সমিতির সকল সদস্য সমিতিকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

আব্দুর রহমান

উপজেলা সমবায় অফিসার
কাশিয়ানী, গোপালগঞ্জ।

ফোন : ০৬৬৫২৫৬২০০

ই-মেইল- ucokashiani17@gmail.com

উপজেলা পত্রী উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব,
কাশিয়ানী ইউসিসিএ লিঃ, কাশিয়ানী, গোপালগঞ্জ।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি বিতরণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সভাপতি, কাশিয়ানী উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ, কাশিয়ানী, গোপালগঞ্জ।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ পত্রী উন্নয়ন বোর্ড (কিআরডিবি), গোপালগঞ্জ।
- ৩। জেলা সমবায় অফিসার, গোপালগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী, গোপালগঞ্জ।
- ৫। মুখ্য-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৬। অফিস নথি।